

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
২। মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের লাইভ ড্যাশবোর্ড এর ছবি।
৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন এর কপি।
৫। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়: Supply, Installation and commissioning of PLC based RTU Telemetry Panel & SCADA System for the Automation of SWIP Chambers under MODS zone-6 area connected with e-PRV of transmission network.

০১। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটারের অধিক পরিশোধিত পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন বিন্যাস। যার মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটারের অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগর বাসীর নিকট সরবরাহ করা হয়। ঢাকা মহানগরীর পানির চাহিদা পূরণের লক্ষ্যে আরও পানি শোধনাগার নির্মাণ করা হচ্ছে। ইতিমধ্যে সাভার করানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট ও পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার হতে ঢাকা মহানগরীতে পানি সরবরাহ শুরু হয়েছে। প্ল্যান্ট গুলোর ট্রান্সমিশন লাইনের সাথে সাপাশো এর ট্রান্সমিশন লাইনের আন্তঃসংযোগ থাকায় সাপাশো এর ট্রান্সমিশন নেটওয়ার্কে পানির প্রেসার বৃদ্ধি পেয়েছে। সাপাশো এর পানির ট্রান্সমিশন লাইনের স্ক্যাভা এর সাহায্যে সার্বক্ষণিক অনলাইন মনিটরিং এবং ফ্লো ও প্রেসার ম্যানেজমেন্টের মাধ্যমে প্ল্যান্ট গুলির পানি মডস জোন সমূহের ডিস্ট্রিবিউশন লাইনে সরবরাহ করা হচ্ছে। সাপাশো ফেজ-১ ও ২, পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার ও সাভার করানীগঞ্জ ওয়েল ফিল্ড প্ল্যান্ট, চাঁদনীঘাট ওয়াটার ওয়ার্কস প্ল্যান্ট সহ অর্থাৎ ০৫ (পাঁচ)টি প্ল্যান্টের উৎপাদিত পানির সুষ্ঠু বিতরণ নিশ্চিত করতে প্ল্যান্টগুলোর ডেলিভারি/নেটওয়ার্ক প্রেসার ও পানির ফ্লো রেট সাপাশো এর পানির ট্রান্সমিশন নেটওয়ার্কের স্ক্যাভায় যুক্ত করা হয়েছে। যার ফলে প্রতিদিন অটোমেটিক মেসেজ সার্ভিস এর মাধ্যমে উল্লেখিত ০৫ (পাঁচ) টি প্ল্যান্টের প্রোডাকশন রিপোর্ট ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠানো হচ্ছে। এছাড়া অত্র বিভাগের মাধ্যমে পাইলটিং হিসেবে মডস জোন-০২ এর DMA Chamber-209A তে communication equipment (RTU), Pressure sensor Transmitter প্রভৃতি স্থাপন করার মাধ্যমে ডিএমএ চেম্বার অটোমেশন করা হয়েছে। যা গত ২৭/০৫/২০২২ইং তারিখ হতে অনলাইনে যাবতীয় তথ্য পাওয়া যাচ্ছে। সে আলোকে সাপাশো নেটওয়ার্কের সাথে সংশ্লিষ্ট মডস জোন সমূহের কিছু ডিএমএ চেম্বার অটোমেশনের আওতায় আনা হয়েছে। ফলে পানির উৎপাদন রিপোর্ট তৈরী করা সহজ হয়েছে। তৎপ্রেক্ষিতে মডস জোন-৬ এর ০২ টি DMA SWIP Chamber অটোমেশনের জন্য ডিএমএ চেম্বার দুইটি সার্ভে করা হয়েছে। তাই ০২টি DMA SWIP Chamber অটোমেশনের জন্য সর্বশেষ ই-জিপি এ প্রাপ্ত সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৫) প্রস্তুত করা হয়েছে।


০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষে পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৭,৮৯২.৫৩৭ (নয় লক্ষ সাতানব্বই হাজার আটশত বিরানব্বই দশমিক পাঁচ তিন সাত) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের Automation & Digitalisation (কোড নং-০২-০১-০০৭) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২২ এবং প্যাকেজ নং-G-28 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Supply, Installation and commissioning of PLC based RTU Telemetry Panel & SCADA System for the Automation of SWIP Chambers under MODS zone-6 area connected with e-PRV of transmission network. শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৬১ (১) ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৯৭,৮৯২.৫৩৭ (নয় লক্ষ সাতানব্বই হাজার আটশত বিরানব্বই দশমিক পাঁচ তিন সাত) টাকা মাত্র এর অনুমোদন।
গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের Automation & Digitalisation (কোড নং-০২-০১-০০৭) খাত হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


০৭ মে ২০২৪


০৭ মে ২০২৪


xEn (Maintenance)

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
সাপাশো সার্কেল, ঢাকা ওয়াসা।